

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ১ম কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : এস. এম. গোলাম ফারুক, সিনিয়র সচিব
তারিখ : ১৪/১০/২০১৮ ইং
সময় : সকাল ১০.৩০ টা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-'ক'-তে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ১ম কোয়ার্টার এর জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি ত্রৈমাসিক সভা গত ১৪/১০/২০১৮ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা:

NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষন ছক মোতাবেক ১ম কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থা গুলোর ২০১৮-১৯ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার বেশকিছু সূচকের ক্ষেত্রে ১ম কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে দপ্তর/সংস্থা সমূহের NIS-এর সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। তিনি আর জানান যে, প্রত্যেক দপ্তর/সংস্থা-কে প্রতিমাসে অন্তত: একটি ভিডিও কনফারেন্স করতে হবে। এ ছাড়া সকল দপ্তর/সংস্থা হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-


- ১) যে সকল দপ্তর/সংস্থা নির্ধারিত সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করেনি সে সকল সংস্থাকে লিখিত ব্যাখ্যা দিতে হবে;
- ২) প্রত্যেক শাখা প্রধানকে শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৩) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।
- ৪) ই-টেভার কার্যক্রম চালু করতে হবে।

৩) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।

৪) ই-টেন্ডার কার্যক্রম চালু করতে হবে।

৫) ২০১৮-১৯ অর্থ বৎসরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ১ম কোয়ার্টারের ঘাটতিসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(এস. এম. গোলাম ফারুক)
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ